

বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে এমএস, এমফিল, পিএইচডি এবং পোস্টডক্টরাল কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদন আহ্বান।

২০১৫-২০১৬ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট-এর অধীনে (i) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি লাগসই প্রযুক্তি, (ii) জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান, (iii) খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ে ২০১৫-২০১৬ সেশনে এমএস, এমফিল, পিএইচডি ও পোস্টডক্টরাল কোর্সে অধ্যয়নরত/ গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের এবং পূর্ববর্তী বছরে ফেলোশিপপ্রাপ্ত এমফিল গবেষকদের ২য় বছর এবং পিএইচডি গবেষকদের নিকট থেকে ২য় ও ৩য় বছরের ফেলোশিপ নবায়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। ফেলোশিপ নীতিমালা, আবেদনপত্রের ফরম এবং আবেদনের সাথে প্রয়োজনীয় সংযুক্তি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.most.gov.bd পাওয়া যাবে।


৩। আবেদনের সঙ্গে যা সংযুক্ত করতে হবে:

- (i) সাম্প্রতিক ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- (ii) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশিটের সত্যায়িত কপি;
- (iii) বিশ্ববিদ্যালয়ে এমএস (মাস্টার্স), এমফিল, পিএইচডি ও পোস্টডক্টরাল কোর্সে ভর্তি সংশ্লিষ্ট কাগজপত্রসহ ভর্তির রশিদ;
- (iv) "আবেদনকারী একজন সার্বজনিক শিক্ষার্থী/গবেষক" মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র (বিভাগীয় প্রধানের পুরো নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানাসহ);
- (v) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতিক্ষাফরিত প্রস্তাবিত গবেষণা প্রকল্পের সংক্ষিপ্তসার (তত্ত্বাবধায়কের নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানাসহ);
- (vi) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিজীবীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা/গবেষণার অনুমতিপত্র, শিক্ষা ছুটি, প্রেষণ মঞ্জুরের অনুলিপি;
- (vii) পোস্টডক্টরাল ফেলোশিপের জন্য সকল কাগজপত্রের সঙ্গে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান থেকে আহ্বানপত্র (Invitation Letter); এবং
- (viii) সরকারি/বেসরকারি সকল প্রার্থীকে "অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান থেকে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ অনুদান গ্রহণ করেন না" মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণাপত্র।

৪। যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ১৪ জুলাই ২০১৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ/নীতিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৫। যোগ্যতা ও গবেষণা প্রকল্পের মান বিবেচনা করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে ফেলোশিপ প্রদান করা হবে। যে কোন রকম অনুরোধ/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।


২১.০৫.২০১৫
মোঃ সিদ্দিকুর রহমান

সহকারী সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ডবন নং-৬, কক্ষ নং-৯১৯(দশম তলা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৫৫৯৯৩১
E-mail: section12@most.gov.bd

নং: ভর্তি/এস-২৪/১৫- ৩২৫৪ (৩৩)

তারিখ: ২৩/০৫/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- (১) সকল বিভাগীয় নোটিশ বোর্ড, বাপ্রবি, ঢাকা
- (২) সকল ইনস্টিটিউট নোটিশ বোর্ড, বাপ্রবি, ঢাকা।
- (৩) শহীদ স্মৃতি হল নোটিশ বোর্ড, বাপ্রবি, ঢাকা।
- (৪) বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট-এর অধীনে